বাংলাদেশ সংবাদপত্র পরিষদের কার্যনির্বাহী সদস্য মনোনীত হলেন এম এ এস ইমন

মেহেরপুর প্রতিদিনের প্রকাশক, সাপ্তাহিক ঢাকা থেকে প্রকাশক ও সম্পাদক এবং রাজধানী টিভির চেয়ারম্যান এম এ এস ইমন বাংলাদেশ সংবাদপত্র পরিষদের (বিএসপি) কার্যনির্বাহী সদস্য মনোনীত হয়েছেন।

আজ রবিবার (১৬ অক্টোবর) ঢাকা ডিপ্লোমা ইন্সটিটিউট মিলনায়তনে অনুষ্ঠিত এক সভায় তিনি এই সদস্য পদে মনোনীত হন।

এম এ এস ইমন বাংলাদেশ সংবাদপত্র পরিষদের (বিএসপি) কার্যনির্বাহী সদস্য মনোনীত হওয়ায় মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু, বার্তা সম্পাদক জুলফিকার আলী কাননসহ পত্রিকার স্টাফ রিপোর্টার ও কলাকৌশলীবৃন্দ তাকে অভিনন্দন জানিয়েছেন।

মেহেরপুরে সড়ক দূর্ঘটনায় টিভি চ্যানেলের ৩ সাংবাদিক আহত

গাংনী উপজেলার কাজিপুর আলম বাজার এলাকায় সড়ক দূর্ঘটনায় বেসরকারি ২ টেলিভিশন চ্যানেলের তিন সাংবাদিক মারাত্বক আহত হয়েছেন।

আহতরা হলেন, বেসরকারি টিভি চ্যানেল মাছরাঙা টেলিভিশনের মেহেরপুর জেলা প্রতিনিধি বেন ইয়ামিন মুক্ত, চ্যানেল টোয়েন্টিফোরের স্টাফ রিপোর্টার রাশেদুজ্জামান ও তার ক্যামেরা পার্সন মোহা: বিপ্লব।

আজ বুধবার (১২ অক্টোবর) দুপুরের দিকে বামন্দী-কাজিপুর সড়কের আলম বাজার এলাকায় এই দূর্ঘটনা ঘটে।

আহত রাশেদুজ্জামান বলেন, কাজিপুর এলাকায় পেশাগত দায়ীত্ব পালন

শেষে মোটরসাইকেল যোগে ফিরছিলাম। আলম বাজারে পৌছানো মাত্রই একটি ছাগল মোটরসাইকেলের সামনে এসে পড়লে আমরা সকলেই রাস্তার উপরে ছিটকে পড়ি। পরে স্থানীয়রা আমাদের উদ্ধার করে বামন্দীর হুদা ক্লিনিকে নিয়ে আসনে।

তিনি জানান, সাংবাদিক বেন ইয়ামিন মুক্ত’র বেশ কয়েক স্থানে কেঁটে ছিড়ে গেছে। সকলেরই হাত ও পাসহ বিভিন্ন স্থানে ক্ষত হয়েছে। চিকিৎসা নিয়ে বর্তমানে বাসাতে ফিরেছেন তারা।

কোটচাঁদপুরে সাংবাদিকদের সাথে নবাগত ইউএনও‘র মতবিনিময়

সাংবাদিকদের সাথে নবাগত উপজেলা নির্বাহী অফিসারের মতবিনিময় ও পরচিতি সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার দুপুরে নির্বাহী অফিসারের কার্যালয়ে এ সভা করা হয়।

এ সময় উপস্হিত ছিলেন প্রেস ক্লাব কোটচাঁদপুরের সভাপতি মোঃ নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক কাজী মৃদুল,সিনিয়র সাংবাদিক মোঃ কামাল হাওলাদার, রিপোটাস ক্লাবের সাধারণ সম্পাদক সুব্রত কুমার, কোটচাঁদপুর সাংবাদিক ইউনিয়নের সভাপতি রায়হান উদ্দিন, সাধারণ সম্পাদক মোঃ মঈন উদ্দিন খান, য়ায় য়ায় দিন পত্রিকার কোটচাঁদপুর উপজেলা প্রতিনিধি মোঃ আলমগীর খান,রির্পোটাস ইউনিটের সাধারণ সম্পাদক খোন্দকার আব্দুল্লাহ বাসার, সহ সভাপতি মোঃ সোহেল চৌধুরী, সাংগঠনিক সম্পাদক মোঃ রমজান আলী,রির্পোটাস ক্লাবের সদস্য রেজাউল ইসলাম, আকিমুল ইসলাম, রোকুনুজ্জামান।
এ সময় শুরু হয় উন্মুক্ত আলোচনা।

উপজেলা নির্বাহী অফিসার কোটচাঁদপুরের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। এবং সাংবাদিকদের কাছে সহযোগিতা কামনা করেন। সাংবাদিকদের পক্ষে মোঃ কামাল হাওলাদার বলেন কোটচাঁদপুর সাংবাদিকদের কোন বসার জায়গা নাই।আমরা চায় আপনি আমদের বসার জায়গা করে দিবেন।এটা আমরা চিরদিন স্বরণ করবো।

[redacted]

[redacted]

পরিবারের প্রতিটি সদস্যের মাঝে গড়ে তুলতে হবে সুনিবিড় বন্ধন

শুধু দেশের উন্নয়ন ও মানুষের কথা ভাবলে হবেনা। দেশের সাথে নিজের পরিবারের আপনজনদের কথাও ভাবতে হবে। সময় দিতে হবে পরিবারের প্রত্যেকটি সদস্যের সাথে। তাহলেই পরিবারের প্রতিটি সদস্যের মাঝে গড়ে উঠবে এক সুনিবিড় বন্ধন।
এই অ্যান্ড্রয়েডের যুগে পরিবারের সবাইকে নিয়ে ঘুরতে হবে। উপভোগ করতে হবে ভালবাসার অনাবিল সুখটাকে। স্বামী স্ত্রী ও পরিবারের অন্যান্য সদস্যদের সাথে গড়ে তুলতে হবে আস্থার বন্ধন।

গাংনী উপজেলা প্রেসক্লাবের আয়োজনে বার্ষিক বনভোজন অনুষ্ঠানে যোগ দিয়ে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

“এসো মিলি ইকো পার্কের শীতল ছায়ায়, শরৎ আকাশের সাদা মেঘের ভেলায়’ ম্লোগানে দিনভর আনন্দ আর হৈ হুল্লড়ে অনুষ্ঠিত হয়েছে গাংনী উপজেলা প্রেস ক্লাবের আয়োজনের এই বার্ষিক বনভোজনে।

গাংনীর ভাটপাডা ডিসি ইকোপার্কে আয়োজিত বার্ষিক বনভোজনে এবার সাংবাদিক এবং তাদের পরিবারের সকলেই দিনব্যাপি এ আনন্দ আয়োজনে অংশ নেন।

বার্ষিক বনভোজন অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, মেহেরপুরের বিশিষ্ট সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম, বিশিষ্ট সাংস্কৃতিক কর্মি ও সংগীত শিল্পী আজিজুল হক রানু, গাংনী উপজেলা ছাত্রলীগের সহসভাপতি আশিকুজ্জামান সবুজ প্রমুখ।

গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম, সাধারণ সম্পাদক এম এন পাভেল, সহসভাপতি সাহাজুল ইসলাম সাজু, নির্বাহী সদস্য জুলফিকার আলী কানন, হারুন অর রশিদ রবি, আবুল কাশেম অনুরাগী, সাংগাঠনিক সম্পাদক লিটন মাহমুদসহ প্রেসক্লাবের সদস্যবৃন্দ।

বার্ষিক বনভোজনে বিভিন্ন খেলার ইভেন্টে অংশ নেন আমিরুল ইসলামের পত্নি মোমেনা খাতুন ময়না, জুলফিকার আলী কাননের পত্নি সুফিয়া কানন, আবুল কাশেম পত্নি উম্মে তানিয়া নীনা, হারুন অর রশিদ পত্নি ফারহানা ইয়াসমীন, বদরুজ্জামান পত্নি মিনারা খাতুন ও রাসেল পত্নি বিলকিস আরা।

বিভিন্ন ইভেন্টে বিজয়ীদের হাতে পুরুস্কার তুলে দেন বনভোজনের প্রধান অতিথি এমপি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব সিরাজুল ইসলাম।

মেহেরপুর জজকোর্টের সিনিয়র আইনজীবী রমজান আলী আর নেই

মেহেরপুর জজকোর্টের সিনিয়র আইনজীবী ও সাবেক ছাত্র নেতা অ্যাডভোকেট রমজান আলী মারা গেছেন।

আজ বৃহস্পতিবার (১ সেপ্টেম্বর) সকাল পৌণে ৮ টার দিকে মারা যান তিনি।

এর আগে সকাল সোয়া ৭ টার দিকে গাংনী ডিগ্রী কলেজ পাড়াতে নিজ বাড়িতে তিনি হৃদরোগে আক্রান্ত হন। পরিবারের লোকজন তাকে উদ্ধার করে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নেয়ার সময় মিরপুরের মধ্যে মারা যান তিনি। মৃত্যুকালে তার বয়স হয়েছিল প্রায় ৫৫ বছর।

অ্যাডভোকেট রমজান আলীর স্ত্রী, এক ছেলে, আত্মীয় স্বজন, বন্ধু, বান্ধবসহ অসংখ্য গুণগ্রাহী রয়েছেন।

অ্যাডভোকেট রমজান আলী গাংনী উপজেলার মহাম্মদপুর গ্রামের মৃতু তৈয়ব আলীর ছেলে। দীর্ঘদিন যাবৎ গাংনী ডিগ্রী কলেজপাড়াতে বাড়ি বানিয়ে রমজান আলী ও তার অপর ভাই মেহেরপুর জজকোর্টের সিনিয়র আইনজীবী নুরুল ইসলাম বসবাস করছিলেন।

রমজান আলীর বড় ভাই অ্যাডভোকেট নুরুল ইসলাম জানান, মরদেহ প্রথমে নিজ গ্রাম মহম্মদপুরে নেয়া হবে। বাদ জোহর সেখানে প্রথম নামাজে

জানাযা শেষে গাংনীর বাড়িতে আনা হবে। গাংনীতে বাদ আছর দ্বিতীয় নামাজে জানাযা শেষে চৌগাছা কেন্দ্রীয় কবরস্থানে দাফন করা হবে।

এদিকে এই সিনিয়র আইনজীবীর মৃত্যুর খবর পাওয়ার সাথে সাথে গাংনীর সর্বস্তরের লোকজন তার বাড়িতে ছুটে আসেন। মেহেরপুর আইনজীবী সমিতির নেতৃবৃন্দও আসেন শোক সন্তপ্ত পরিবারের পাশে।

ভারতের এবিপির প্রতিযোগিতায় পুরস্কৃত মেহেরপুরের হাসনাত আসিফ কুশল

দেশভাগ নিয়ে প্রবন্ধ লিখে ভারতে পুরস্কৃত হয়েছেন একমাত্র বাংলাদেশি সাংবাদিক হিসেবে মেহেরপুরের হাসনাত আসিফ কুশল।

চলতি বছর জুলাইয়ে দেশটির অ্যাসোসিয়েটস অব বেঙ্গল প্রফেশনালসের (এবিপি) প্রবন্ধ লেখা প্রতিযোগিতায় একমাত্র বাংলাদেশি সাংবাদিক তৃতীয় স্থান অধিকার করেছেন তিনি।

এ প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করেছেন ভারতের আলিয়া বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের পিএইচডি শিক্ষার্থী মিরাজুল ইসলাম এবং দ্বিতীয় স্থান অধিকার করেছেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত বিদ্যাসাগর কলেজের ভূগোল বিভাগের এমএসসি শিক্ষার্থী শৌলী দাস।

মেহেরপুরের তরুণ কবি-সাংবাদিক হাসনাত আসিফ কুশলের প্রবন্ধের বিষয় ছিল ‘দেশভাগের কথা: বাঙালি মুসলিমদের আইডেনটিটি ক্রাইসিস’।

এই প্রবন্ধে ১৯৪৭ সালের দেশভাগের ঘটনা এবং তার রেশ ধরে দুই বাংলার মুসলিমের আইডেনটিটি ক্রাইসিস তুলে ধরেছেন তিনি।

হাসনাত আসিফ কুশল বর্তমানে দৈনিক ভোরের কাগজের সাব এডিটর হিসেবে

কর্মরত রয়েছেন। এর আগে দৈনিক সমকাল, দৈনিক আমাদের নতুন সময় ও অনলাইন পোর্টাল ঢাকা পোস্টে কাজ করেন।

ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস (ইউল্যাব) ও স্ট্যামফোর্ড ইউনিভার্সিটিতে অনার্স-মাস্টার্স করেন।

সাংবাদিকতার পাশাপাশি এই তরুণ প্রাবন্ধিক সাহিত্যচর্চাও করেন। তিনি মেহেরপুরের বিশিষ্ট কবি-সাংবাদিক তারিক-উল ইসলামের পুত্র।

ম্যাকগাইভার’ তারকা ক্লু গুলাগার মারা গেছেন

বিশ্বজুড়ে আলোচিত টিভি সিরিজ ‘ম্যাকগাইভার’ তারকা ক্লু গুলাগার মারা গেছেন। (০৫ আগস্ট) ক্যালিফোর্নিয়ায় মৃত্যুবরণ করেন এই অভিনেতা।

বার্ধক্যজনিত কারণেই গুলাগারের মৃত্যু হয়েছে বলে জানিয়েছে তার পরিবার। মৃত্যুকালে এই অভিনেতার বয়স হয়েছিল ৯৩ বছর। ক্লু গুলাগারের মৃত্যুর খবরটি সামাজিক মাধ্যমে প্রকাশ করেছেন তার জামাতা দিয়ানে গোল্ডনার।

প্রায় সাত দশকের দীর্ঘ ক্যারিয়ারে ১৬৫টি টিভি সিরিজ ও সিনেমায় অভিনয় করেছেন গুলাগার। ‘ম্যাকগাইভার’- তীর চরিত্রের নাম ছিল ‘ওয়াল্ট কিরবি’। এছাড়াও তিনি ‘দ্য ভার্জিনিয়ান’ ও ‘দ্য রিটার্ন অব লিভিং ডেড’সহ বেশ কয়েকটি সিরিজ ও চলচ্চিত্রে অভিনয়ের জন্য আলোচিত ছিলেন।

বাংলাদেশ টেলিভিশনে ‘ম্যাকগাইভার’ দুইবার প্রচারের সুবাদে এ দেশের দর্শকের কাছেও আলাদা পরিচিতি পেয়েছিলেন গুলাগার।

পঞ্চাশের দশকে অভিনয় শুরু করেছিলেন গুলাগার। তাকে সবশেষ ২০১৯ সালে মুক্তিপ্রাপ্ত কোয়েন্টিন টারান্টিনোর ‘ওয়ানস আপন আ টাইম’ সিনেমায় দেখা গেছে গুলাগারকে।

মেহেরপুরে এনটিভির প্রতিষ্ঠাবার্ষিকী পালন

জনপ্রিয় স্যাটেলাইট টেলিভিশন এনটিভি ১৯ পেরিয়ে ২০ বছরে পদার্পণ উপলক্ষে মেহেরপুরে শোভাযাত্রা, আলোচনা সভা ও কেক কেটে প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়েছে।

আজ রবিবার সকালে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে এ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এনটিভির জেলা প্রতিনিধি রেজ আন উল বাসারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের প্রশাসক গোলাম রসুল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফারুক হোসেন, মেহেরপুর সদর থানার ওসি জুলফিকার আলী।

সাংবাদিক বেন ইয়ামিন মুক্তর সঞ্চালনায় বক্তব্য দেন সাংবাদিক কামারুজ্জামান, মেহের আমজাদ। পরে সেখানে কেক কাটা হয়।

এর আগে জেলা শিল্পকলা একাডেমি প্রাঙ্গন থেকে একটি শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে গিয়ে শেষ হয়। প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানে জেলায় কর্মরত বিভিন্ন গণমাধ্যমের প্রতিনিধিরা অংশ নেন।

সাংবাদিক কাজলের ৩ মামলার কার্যক্রম স্থগিত

পক্ষকাল পত্রিকার সম্পাদক ও ফটো সাংবাদিক শফিকুল ইসলাম কাজলের নামে দায়ের করা তিনটি মামলার কার্যক্রম স্থগিত করেছেন হাইকোর্ট।